

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০১৪

৩০/ সং ব্যবহার ও সম্পর্ক রক্ষা (ﷺ আ رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ দীনী ভাইদের সঙ্গে দেখা সাক্ষাত করা।

باب مَا جَاءَ فِي زِيَارَةِ الإِخْوَانِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، وَالْحُسَيْنُ بْنُ أَبِي كَبْشَةَ الْبَصْرِيُّ، قَالاَ حَدَّثَنَا يُوسُفُ بْنُ يَعْقُوبَ السَّدُوسِيُّ، حَدَّثَنَا أَبُو سِنَانٍ الْقَسْمَلِيُّ، هُوَ الشَّامِيُّ عَنْ عُثْمَانَ بْنِ أَبِي سَوْدَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ عَادَ مَرِيضًا أَوْ زَارَ أَخًا لَهُ فِي اللَّهِ نَادَاهُ مُنَادٍ أَنْ طِبْتَ وَطَابَ مَمْشَاكَ وَتَبَوَّأْتَ مِنَ الْجَنَّةِ مَنْزِلاً ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَأَبُو سِنَانٍ اسْمُهُ عِيسَى بْنُ سِنَانٍ ، وقَدْ رَوَى حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي مَنْ النَّهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم شَيْئًا مِنْ هَذَا .

বাংলা

২০১৪. মুহাম্মদ ইবন বাশশার ও হুসায়ন ইবন আবূ কাবশা বাসরী (রহঃ) ... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোন অসুস্থ ব্যক্তিকে দেখতে যায় বা আল্লাহর সম্ভুষ্টির উদ্দেশ্যে তার কোন দীনী ভাইয়ের সঙ্গে সাক্ষাৎ করে তখন তাকে জনৈক আহবানকারী (ফিরিশতা) ডেকে বলতে থাকেন, মঙ্গলময় তোমার জীবন, মঙ্গলময় তোমার এই পথ চলা। তুমি তো জান্নাতে তোমার আবাস নির্ধারণ করে নিলে। হাসান, মিশকাত ৫০১৫, তিরমিজী হাদিস নম্বরঃ ২০০৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-গারীব। বর্ণনাকারীাবূ সিনান (রহঃ) এর নাম হল ঈসা ইবন সিনান। হাম্মাদ ইবন সালামা (রহঃ)-ও ছাবিত-আবূ রাফি'-আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এরূপ কিছু রিওয়ায়াত করেছেন।

English

Abu Hurairah narrated that the Messenger of Allah said: "Whoever visits the sick, or visits his brother in Allah (faith), a caller calls



out: 'May you have goodness and livelihood be good, and may you dwell in an adobe in Paradise.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন